

ৰ আল-মূলক | Al-Mulk | الْمُلْك

আয়াতঃ ৬৭:১৩

💵 আরবি মূল আয়াত:

وَ ٱسِرُّوا قَولَكُم أو اجهَرُوا بِهِ ؟ إِنَّهُ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ﴿١٣﴾

🗚 অনুবাদসমূহ:

আর তোমরা তোমাদের কথা গোপন কর অথবা তা প্রকাশ কর, নিশ্চয় তিনি অন্তরসমূহে যা আছে সে বিষয়ে সম্যুক অবগত। — আল-বায়ান

তোমরা তোমাদের কথা চুপেচাপেই বল আর উচ্চৈঃস্বরেই বল, তিনি (মানুষের) অন্তরের গোপন কথা সম্পর্কে পুরোপুরি অবগত। — তাইসিরুল

তোমরা তোমাদের কথা গোপনেই বল অথবা প্রকাশ্যে বল, তিনিতো অন্তর্যামী। — মুজিবুর রহমান

And conceal your speech or publicize it; indeed, He is Knowing of that within the breasts. — Sahih International

১৩. আর তোমরা তোমাদের কথা গোপনেই বল অথবা প্রকাশ্যে বল, তিনি তো অন্তরসমূহে যা আছে তা সম্পর্কে সম্যুক অবগত।

তাফসীরে জাকারিয়া

(১৩) তোমরা তোমাদের কথা গোপনেই বল অথবা প্রকাশ্যে,[1] নিশ্চয় তিনি অন্তর্যামী।[2]

- [1] এখানে আবারও কাফেরদেরকে সম্বোধন করা হচ্ছে। অর্থাৎ, তোমরা রসূল (সাঃ)-এর ব্যাপারে গোপনে কথা বল অথবা প্রকাশ্যে, সব কিছুই আল্লাহ অবগত আছেন। কোন কথাই তাঁর কাছে গোপন থাকে না।
- [2] এখানে তাঁর গোপনীয় ও প্রকাশ্য বিষয় জানার কারণ বর্ণনা করে বলা হচ্ছে যে, তিনি তো মনের ও অন্তরের গুপ্ত রহস্যসমূহের ব্যাপারেও অবহিত। অতএব তোমাদের কথাসমূহ কিভাবে তাঁর কাছে গোপন থাকতে পারে?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5254

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন